# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০০৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি ইবনু আবী উনাইসা মিনহাল বিন আমর থেকে এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هذا الخبر تفرد به بن أبي أنيسة عن المنهال بن عمرو

---

আরবী

1009 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنِ الْمِنْهَالِ بْنِ عَمْرٍو عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَوِّذُ حَسَنًا وَحُسَيْنًا:
(أُعِيذكما بِكَلِمَات اللَّهِ التَّامَّات مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ) وَكَانَ يَقُولُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ أَبُوكُمَا يُعَوِّذُ بِهِمَا إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ)
الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1009 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০০৯. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাসান ও হুসাইনের জন্য আশ্রয় প্রার্থনা করেছেন এই বলে, أُعِيذُكُما بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ) ثُمَّ يَقُولُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ إِبْرَاهِيمُ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِ يُعَوِّذُ بِهِ ابْنَيْهِ إسماعيل وإسحاق (আমি তোমাদের জন্য আল্লাহর পরিপূর্ণ কালেমার বদৌলতে আশ্রয় চাই প্রতিটি শয়তান থেকে, ক্ষতিকর প্রাণী থেকে, কুদৃষ্টিদানকারী চোখ থেকে।) তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ইবরাহিম আলাইহিস সালাম এই বাক্যের মাধ্যমে তাঁর দুই ছেলে ইসমাঈল ও ইসহাক আলাইহিস সালাম এর জন্য আশ্রয় প্রার্থনা করতেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ বুখারী: ৩৩৭১; আবূ দাউদ: ৪৭৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৭/৪৮; মুসনাদ আহমাদ: ১/২৩৬; তিরমিযী: ২০৬০; ইবনু মাজাহ: ৩৫২৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্ত অনুসারে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ২৫৩৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90322

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন